অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

রিপোর্ট করা ঘৃণামূলক অপরাধে 90% বৃদ্ধি হওয়ার পরে, গভর্নর হোকল ঘৃণামূলক অপরাধের আইন ব্যাপক সম্প্রসারণের প্রস্তাব দেন এবং ঝুঁকিপুর্ণ গোষ্ঠীগুলোর জন্য 60 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়নের কথা ঘোষণা করেন

গভর্নর হোকলের 2024 স্টেট অফ দ্য স্টেটে ঘৃণামূলক অপরাধের প্রসিকিউশনের জন্য আইনে উল্লেখযোগ্যভাবে সম্প্রসারণের যোগ্যতা অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর ঘৃণামূলক অপরাধ প্রতিরোধের জন্য অনুদান বাবদ 10 মিলিয়ন বৃদ্ধির প্রস্তাব দেন; FY24 এবং FY25 এর বাজেটে ঘৃণার বিরুদ্ধে লড়াইয়ে মোট 60 মিলিয়ন মার্কিন ডলার

অতি সাম্প্রতিক স্টেট ব্যাপী তথ্য অনুযায়ী, 2020 থেকে 2022 এর মধ্যে ঘৃণামূলক অপরাধ 90% বেড়েছে; 7ই অক্টোবর 2023 থেকে NYPD-এর পরিসংখ্যানে এই বৃদ্ধি ধারালো আকার নিয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘৃণামূলক অপরাধ হিসাবে প্রসিকিউশন হতে পারে এমন অভিযোগগুলোর তালিকাটি সম্প্রসারণের জন্য তাঁর যুগান্তকারী স্টেট অফ স্টেট প্রস্তাব তুলে ধরেছেন এবং নিজেদের মতাদর্শ, বিশ্বাস বা মিশনের কারণে ঘৃণামূলক অপরাধ বা আক্রমণের ঝুঁকিতে থাকা অলাভজনক, কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোর নিরাপত্তা এবং সুরক্ষা ব্যবস্থা শক্তিশালী করতে অর্থ অনুদানের কথা ঘোষণা করেন।

"উদীয়মান ঘৃণার জোয়ার যেমন ঘৃণ্য তেমনই অনস্বীকার্য - আর আমি নিউ ইয়র্কের সকল নাগরিককে নিরাপদ রাখার জন্য আমার সাধ্যমতো সবকিছু করতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "7ই অক্টোবর জঘণ্য হামাস আক্রমণের পর থেকে, ইহুদি এবং মুসলিম নিউ ইয়র্কবাসীদের বিরুদ্ধে ঘৃণামূলক অপরাধের পরিমাণ নিন্দনীয়ভাবে বেড়ে গেছে। সাম্প্রতিক কয়েক বছরের মধ্যে আমরা বাফেলোর কৃষ্ণাঙ্গ আবাসিকদের লক্ষ্য করে ঘৃণা উদ্রেককারী হিংসা দেখেছি, আবার নিউ ইয়র্ক সিটির রাস্তায় দেখেছি AAPI এবং LGBTQ+ ব্যক্তিদের হয়রানি। সকল নিউ ইয়র্কবাসী নিরাপদ বোধ না করা পর্যন্ত আমরা বিশ্রাম নেব না, সে তারা যেই হন, যাকেই ভালোবাসুক অথবা যার প্রার্থনাই করুক।"

"ঘৃণা, যেকোনও প্রকারে, নিউ ইয়র্কে মেনে নেওয়া হবে না," **বলেন লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো।** "এই পদক্ষেপগুলো নিয়ে, আমরা আমাদের সবচেয়ে দুর্বল কমিউনিটিগুলোর ক্ষমতায়ন করছি এবং সুরক্ষিত করছি, সাথে নিশ্চিত করছি যাতে সকল নিউ ইয়র্কবাসী ঘৃণা এবং বৈষম্যমুক্ত হয়ে নির্দ্বিধায় নিজেদের জীবন বাঁচতে পারেন। এই চ্যালেঞ্জিং সময়ে, আমরা পরস্পরের জন্য এভাবেই দাঁড়াবো। আমরা এই বিষয়টা স্পষ্ট করছি: ভালোবাসাই সবসময় নিউ ইয়র্কে শেষ কথা বলবে।"

গভর্নর হোকলের 2024 স্টেট অফ দ্য স্টেট এজেন্ডায় ঘৃণামূলক অপরাধ হিসাবে প্রসিকিউশনের জন্য যোগ্য অপরাধের তালিকাটি সম্প্রসারণের জন্য প্রস্তাবিত আইন অন্তর্ভুক্ত রয়েছে। বর্তমান আইনের অধীনে, মাত্র 66টি অপরাধ রয়েছে যা ঘৃণামূলক অপরাধ হিসাবে অভিযুক্ত করা যেতে পারে; এক্সিকিউটিভ বাজেটে অন্তর্ভুক্ত আইনি ভাষা এই সংখ্যা 97 করবে, যার মধ্যে রয়েছে:

- গ্রাফিতি তৈরি
- অগ্নিসংযোগ
- দলগত হামলা
- প্রথম-ডিগ্রির ধর্ষণ
- অপরাধমূলকভাবে কোনও অস্ত্র অধিকারে রাখা
- যৌন পাচার

এছাড়াও গভর্নর হোকল ঘৃণামূলক উদ্যোগের বিরুদ্ধে কমিউনিটিগুলোকে নিরাপদ করতে FY24 ও FY25 এর মধ্যে মোট 60 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত অর্থায়নের কথা ঘোষণা করেন। গভর্নর গত বছরের বাজেটে 25 মিলিয়ন মার্কিন ডলার বাঁচিয়েছেন এবং 35 মিলিয়ন মার্কিন ডলারে সেই অর্থায়ন বাড়ানোর প্রস্তাব দিচ্ছেন - যা হল 10 মিলিয়ন মার্কিন ডলারের একটি বৃদ্ধি - সাম্প্রতিক ঘটনাগুলোয় প্রতিক্রিয়ার উদ্দেশ্যে। এই রেকর্ড অর্থায়ন যোগ্য সংস্থাগুলোর প্রত্যেককে নিজেদের কেন্দ্রগুলোতে বাস্তবিক নিরাপত্তা এবং সাইবার নিরাপত্তা প্রকল্পের জন্য 200,000 মার্কিন ডলার পর্যন্ত অনুরোধ করার সুযোগ দেবে। যে অলাভজনক সংস্থাগুলো আগে নিরাপত্তা বাবদ অনুদান পেয়েছে তারাও প্রভাব সুরক্ষার যন্ত্রপাতি সহ নতুন প্রকল্পের জন্য আবেদন করতে পারে, যা এখন অর্থায়নের যোগ্য হয়েছে।

নিউ ইয়র্ক এবং দেশ জুড়ে ধারাবাহিকভাবে ঘৃণামূলক, পক্ষপাতমূলক এবং ইহুদী-বিরোধী এবং মুসলিম-বিরোধী ঘটনা অব্যাহত থাকায় এই ঘোষণা এসেছে। ঘৃণামূলক অপরাধ শুধু অভিপ্রেত লক্ষ্যকেই নয়, সাথে প্রতিকূলভাবে এবং অসঙ্গতভাবে সম্পূর্ণ কমিউনিটিকে প্রভাবিত করে। পুলিশের কাছে ঘৃণামূলক অপরাধের যে রিপোর্ট করা হয় তার সংখ্যা শুধু মোট অপরাধ সংখ্যার সামান্য ভগ্নাংশ মাত্র নয়, সাথে এই ঘটনাগুলো কমিউনিটির আরও বেশি সংখ্যক মানুষকে ট্রমাগ্রস্ত করে এবং ভয় ধরিয়ে দেয়। নিউ ইয়র্ক স্টেট অন্য অপরাধের থেকে পৃথকভাবে এই ঘটনাগুলোর ট্র্যাক রাখে, যাতে ট্রেন্ড পর্যবেক্ষণ করা যায় এবং ঘটনা ঘটার আগেই তা আটকাতে পদক্ষেপ নেওয়া যায়।

পুলিশ বিভাগ এবং শেরিফদের অফিসগুলো 2022 সালে স্টেটের 959টি হেট ক্রাইমের রিপোর্ট করেছে, যা গত পাঁচ বছরে সবচেয়ে বেশি রিপোর্ট করা হয়েছে এবং 2021 সালের তুলনায় 20 শতাংশ বৃদ্ধি পেয়েছে। স্টেটের কাছে পুলিশ এজেন্সিগুলোর রিপোর্ট করা ঘৃণামূলক অপরাধের ডেটা অনলাইনে উপলভ্য। স্টেট ব্যাপী গত বছরের অপরাধের ডেটা এখনও সংগ্রহ করা হলেও, নিউ ইয়র্ক সিটির পুলিশ দপ্তর এমন কিছু ঘটনা দিয়ে 2022 থেকে 2023 এর মধ্যে 10 শতাংশ ঘৃণামূলক অপরাধ বৃদ্ধির রিপোর্ট করেছে যা এজেন্সির হেট ক্রাইম ড্যাশবোর্ড অনুযায়ী বছরের শেষ তৃতীয়াংশের তুলনায় দ্বিগুণের বেশি।

ক্রিমিনাল জাস্টিস পরিষেবা বিভাগের কমিশনার রোজানা রোসাডো বলেন, "বিভিন্ন সংস্কৃতি এবং জীবনের বিভিন্ন প্রান্ত থেকে আসা মানুষদের আগলে নেওয়ার এক দীর্ঘ এবং মহিমান্বিত ঐতিহ্য নিউ ইয়র্ক স্টেটের রয়েছে, তবুও অপরাধের জন্য অনেক স্বতন্ত্র ব্যক্তি, গোষ্ঠী এবং সংস্থাকে লক্ষ্য করা হচ্ছে কারণ তাদের মধ্যে বৈচিত্র্য সুস্পষ্ট। সেইসব সংস্থাগুলোকে অর্থায়ন দিয়ে ঘৃণামূলক অপরাধের বিরুদ্ধে আমাদের প্রতিবেশীদের এবং কমিউনিটিগুলোকে সুরক্ষিত করার জন্য সাহায্য করতে পেরে DCJS গর্বিত, যারা জানে তাদের নেইবারহুড সেরা তাই তারা ঝুঁকিতে থাকতে পারেন এমন ব্যক্তিদের পরিষেবা এবং নিরাপদ জায়গা দিতে কাজ চালিয়ে যেতে পারেন।"

মানবাধিকার বিভাগের কমিশনার মারিয়া এল. ইম্পেরিয়াল বলেন, "দুঃখের বিষয়, আমরা অলাভজনক এবং বিশ্বাস-ভিত্তিক কমিউনিটি সেন্টারগুলোর আরও নিরাপত্তার প্রয়োজনীয়তা দেখছি যারা ঘৃণার লক্ষ্যবস্তু হয়ে উঠছে। তাদের ধর্ম বা নাগরিকত্ব নির্বিশেষে – সবার – নিজেদের কমিউনিটি, পরিবার, বন্ধু-বান্ধব এবং প্রতিবেশীদের সঙ্গে সংযোগের সময় নিরাপদ বোধ করা উচিত। এই গুরুত্বপূর্ণ কর্মসূচির উদ্যোগ নেওয়ার জন্য আমি গভর্নর হোকল এবং DCJS টিমের প্রশংসা করি।"

2017 সালে তৈরি হওয়ার পরে, ঘৃণামূলক অপরাধের বিরুদ্ধে স্টেট অর্থায়ন করা কমিউনিটির সুরক্ষামূলক অনুদান প্রোগ্রাম নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করতে এবং নিজেদের মতাদর্শ, বিশ্বাস বা মিশনের কারণে অতি দুর্বল হতে পারে এমন অলাভজনক কমিউনিটি এবং নাগরিক কেন্দ্র, সাংস্কৃতিক জাদুঘর, ডে কেয়ার সেন্টার এবং অন্যান্য অলাভজনক সংস্থাগুলোর বিরুদ্ধে ঘৃণামূলক অপরাধ প্রতিরোধ করার জন্য অনুদান হিসাবে সর্বোচ্চ 60 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব দেয়।

যে অর্থায়ন সর্বোচ্চ 300টি প্রকল্প সমর্থন করবে বলে আশা করা হয়, তা বহিরাগত বা অভ্যন্তরীন নিরাপত্তার উন্নতিতে ব্যবহার করা যেতে পারে, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত আলোর ব্যবস্থা, তালার ব্যবস্থা, অ্যালার্ম, প্যানিক বোতাম, বেড়া দেওয়া, বেষ্টনীর ব্যবস্থা, অ্যাক্সেস নিয়ন্ত্রণ, অভঙ্গুর কাঁচ এবং ব্লাস্ট-প্রতিরোধী ফিল্ম, জনসাধারণ-মুখী সিস্টেম এবং প্রথমবারের জন্য সাইবার নিরাপত্তা শক্তিশালী করার ব্যবস্থাপনা। এছাড়া তহবিলের আওতার মধ্যে নিরাপত্তা প্রশিক্ষণের সাথে সম্পর্কিত খরচও অন্তর্ভুক্ত থাকতে পারে।

2023 সালের জুলাই মাসে, DCJS 1,081টি প্রকল্পের জন্য স্টেটব্যাপী 497টি সংস্থাকে মোট 51,729,271 মার্কিন ডলারের তহবিল প্রদান করেছে, যার মধ্যে প্রকল্পটির মাধ্যমে 187টি সাইবার

নিরাপত্তা প্রকল্পের জন্য 8,899,091 মার্কিন ডলার প্রদান করা হয়েছে। এই বছর আবেদন প্রক্রিয়া সহজ করা হয়েছে এবং গত বছরে প্রতিটি সংস্থার জন্য অনুমোদিত প্রতি চারটি অনুদানের সর্বোচ্চ 50,000 মার্কিন ডলারের পরিবর্তে প্রতিটি সংস্থার জন্য সর্বোচ্চ 200,000 মার্কিন ডলারের একক অনুদান দেওয়ার সীমারেখা নির্ধারণ করা হয়েছে।

আবেদন করার শেষ তারিখ শুক্রবার, 17ই মে, দুপুর পর্যন্ত। যোগ্যতার শর্তাবলী, নির্দেশনা, নির্দেশিকা ও অতিরিক্ত তথ্যের জন্য DCJS ওয়েবসাইটের অনুদান/তহবিল পেজ দেখুন। এই গ্রীষ্মে অনুদানের পুরস্কারগুলি ঘোষণা করা হবে বলে প্রত্যাশা করা হয়।

ঘৃণা মোকাবিলা এবং পক্ষপাত প্রতিরোধে গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর নির্ভর করে এই রেকর্ড বিনিয়োগ হয়েছে, যার মধ্যে রয়েছে:

- গত শরতে একটি নতুন হটলাইন (844-NO-2-HATE) এবং ঘৃণা এবং পক্ষপাতমূলক ঘটনার রিপোর্ট করার অনলাইন ফর্ম চালু করা।
- লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডোর সভাপতিত্বে নতুন ঘৃণা ও পক্ষপাত প্রতিরোধ ইউনিট গঠন। ইউনিটটি একটি দ্রুত প্রতিক্রিয়া উদ্যোগের তদারকি করে, যা ঘৃণা বা পক্ষপাতমূলক ঘটনায় প্রভাবিত কমিউনিটিগুলোকে সহায়তা করে এবং স্টেটের প্রত্যেক অঞ্চলে পক্ষপাত-বিরোধী কাউন্সিল গঠন করেছে।
- স্টেটের উদ্বোধনী ইউনিটি সামিট (Unity Summit)-এর ডাক দিয়ে, কমিউনিটি সংগঠন, আইন প্রয়োগকারী সংস্থা এবং ফেইথ গ্রুপগুলোর মধ্য থেকে 500 জন প্রতিনিধিকে প্যানেল আলোচনার জন্য এবং ঘৃণা প্রতিরোধে একসঙ্গে কাজ করার উপায়গুলো সম্পর্কে আলোচনার জন্য একত্রিত করে৷
- FBI-এর যৌথ সন্ত্রাস টাস্ক ফোর্সে বাড়তি কর্মী এবং অর্থায়নের ব্যবস্থা মোতায়ন করে, সমস্ত রকম সন্ত্রাসমূলক হুমকির বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) সম্পূর্ণভাবে সক্রিয় বলে নিশ্চিত করেছে।
- নীতিমালা আধুনিক করার জন্য সামাজিক মাধ্যমের সংস্থাগুলোকে ডাক দিয়ে এবং অনলাইন ঘৃণা পর্যবেক্ষণ করতে স্টেট পুলিশের সংস্থান বাড়িয়ে অনলাইন ঘৃণার জর্জরিত হুমকি বিবেচনা করছে
- নিউ ইয়র্কের প্রত্যেকটি কলেজ ক্যাম্পাসে হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি পরিষেবা বিভাগ (Division of Homeland Security & Emergency Services)-এর হুমকি মূল্যায়ন এবং ব্যবস্থাপনা (Threat Assessment and Management, TAM) টিম-কে সম্প্রসারণ করা হচ্ছে।

স্টেট সেনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "আমরা ইহুদি, মুসলিম, এশিয়ান আমেরিকান এবং LGBTQ লোকজনের প্রতি পক্ষপাতমূলক অপরাধের মাত্রা অপ্রত্যাশিতভাবে বেড়ে যাওয়ার সাক্ষী রয়েছি বলেই, আমাদের ঘৃণামূলক অপরাধের আইনে থাকা কয়েক ডজন ফাঁকির পথ বন্ধ করা নিউ ইয়র্কের জন্য অত্যন্ত জরুরি হয়ে উঠেছে যাতে এই জরুরি বার্তা দেওয়া যায় যে আমাদের স্টেটে ঘৃণা কখনই সহ্য করা হবে না। আমি গর্বিত যে গভর্নর হোকল

ঘৃণামূলক অপরাধ আধুনিকীকরণ আইন (Hate Crimes Modernization Act, S7737) অন্তর্ভুক্ত করেছেন, যা তাঁর এক্সিকিউটিভ বাজেটে ডিস্ট্রিক্ট অ্যাটর্নি ব্র্যাগ এবং অ্যাসেম্বলি সদস্য লী-এর সাথে মিলে আমি সূচনা করেছিলাম। এই বিল ঘৃণার বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ নিতে আইনজীবীদের প্রয়োজনীয় হাতিয়ার দেবে, ফলে আমরা বৈচিত্র্যময় পটভূমি থাকা নিউ ইয়র্কবাসীদের আরও ভালোভাবে সুরক্ষিত করতে পারব। এই গুরুত্বপূর্ণ আইনে আমাদের সমর্থন জানানোর জন্য আমি আমার সহকর্মীদের আহ্বান জানাই।"

অ্যাসেম্বলিসদস্য গ্রেস লী বলেন, "নিউ ইয়র্কে ঘৃণা মোকাবিলা করার অর্থ হল সংখ্যালঘু সম্প্রদায়গুলোকে আরও শক্তিশালী সুরক্ষা এবং প্রতিনিধিত্ব দেওয়া এবং ঘৃণামূলক অপরাধের অপরাধীদের তাদের কার্যকলাপের জন্য দায়বদ্ধ করা। আমি এই বছর দুর্বল সংখ্যালঘু সম্প্রদায়গুলোকে প্রাধান্য দেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, সেইসাথে গত শরতে সেনেটর ব্র্যাড হয়েলম্যান-সিগালেরসাথে আমার সূচনা করা ঘৃণামূলক অপরাধ আধুনিকীকরণ আইনের সমর্থন করার কারণে। এইবছর, আমরা একটি বাজেট পাশ করব যা নিউ ইয়র্কবাসীদের কাছে একটি স্পষ্ট বার্তা পাঠায় যে আমাদের স্টেটে ঘৃণার জায়গা নেই।"

অ্যাসেম্বলিসদস্য সিমচা ইচেনস্টাইন বলেন, "আমরা ইহুদী-বিরোধী এবং অন্যান্য ধরনের ঘৃণামূলক অপরাধের ক্রমশ বৃদ্ধির প্রতি চোখ বন্ধ করে থাকতে পারি না। সকল নিউ ইয়র্কবাসীর সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সক্রিয় হয়ে ওঠার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। দুর্বল কমিউনিটিগুলো রাতে এইভেবে শান্তিতে ঘুমাবে যে নিউ ইয়র্ক স্টেটের নেতারা তাদের পিছনে আছেন, এবং আমরা সবাই সুরক্ষিত বোধ না করা পর্যন্ত এবং ঘৃণামূলক অপরাধ করছে এমন সবার ন্যায্য বিচার না হওয়া পর্যন্ত নিজেদের কাজ চালিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ।"

ম্যানহাটানের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি এলভিন এল. ব্র্যাগ জুনিয়র বলেন, "ঘৃণা এবং পক্ষপাতমূলক অপরাধ আমাদের কমিউনিটিগুলোয় বেড়েই চলেছে, ফলে নিউ ইয়র্কবাসীদের দুর্বল করে তুলছে এবং সামগ্রিকভাবে জনসাধারণের নিরাপত্তা প্রশ্নের মুখে পড়ছে। আইনের এই গুরুত্বপূর্ণ অংশকে তুলে ধরার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ, যা সাধারণ বোধের যুক্তি দিয়ে পলায়নের ফাঁকি বন্ধ করবে, ফলে একটি আরও শক্তিশালী আইনি ফ্রেমওয়ার্ক তৈরি হয় এবং আমাদের হাতিয়ার দেয় যা সমস্ত নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা এবং সুস্থতা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয়।এই আইনি অধিবেশন চলাকালীন এই আইন প্রণয়নে কাজ করার জন্য নির্বাচিত কর্মকর্তা এবং আইনজীবীদের একটি বৈচিত্র্যময় দলের মধ্যে থাকতে পেরে আমি গর্বিত।"

কুইন্স ডিস্ট্রিক্টের অ্যাটর্নি মেলিন্ডা ক্যাটজ বলেন, "কুইন্স হল 'বিশ্বের বোরো,' যার মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের যেকোনও কাউন্টির চেয়ে বেশি বৈচিত্র্যময় জনসাধারণ রয়েছে। আমাদের কমিউনিটিগুলোয় বা নিউ ইয়র্কের এই বিশাল স্টেটের অন্য কোথাও ঘৃণামূলক বিনা উস্কানির আক্রমণগুলোর কোনও স্থান নেই। আমরা ঘৃণামূলক অপরাধ বিরোধী আইনের সম্প্রসারণকে সাদরে গ্রহণ করব কারণ এটি সেইসব ব্যক্তিদের বিচার করার ক্ষমতা আমাদের বাড়াবে যারা বিপথগামী কুসংস্কারে প্ররোচিত হয়ে আঘাত করে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি তার প্রশংসা করি।"

UJA-ফেডারেশন অফ নিউ ইয়র্ক এর প্রধান নির্বাহী পরিচালন এরিক এস. গোল্ডস্টেইন বলেন, "ঘৃণামূলক অপরাধ বিরোধী আইন সম্প্রসারণের জন্য গভর্নর হোকলের কঠোর এবং সিদ্ধান্তমূলক প্রস্তাব সকল নিউ ইয়র্কবাসীর সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি অভ্যর্থনামূলক এবং অপরিহার্য প্রচেষ্টা। একটা সময় যখন ইহুদী-বিরোধী ঘৃণামূলক অপরাধ বেড়ে যাচ্ছে, তখন এই আইন অপরাধীদের আটকাতে সাহায্য করার জন্য গুরুত্বপূর্ণ হাতিয়ার হয়ে উঠবে। আমরা নিউ ইয়র্কে ঘৃণা এবং ইহুদী-বিরোধীতার মোকাবিলায় গভর্নর হোকলের গুরুত্বপূর্ণ নেতৃত্বের জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যান্টি-ডিফেমেশন লিগ নিউ ইয়র্ক/নিউ জার্সি এর আঞ্চলিক ডিরেক্টর স্কট রিচম্যান বলেন, "দেশ জুড়ে ইহুদী-বিরোধীতায় তীক্ষ্ণ বৃদ্ধি এবং রেকর্ড সংখ্যক রিপোর্ট করা ঘৃণামূলক অপরাধের সময়, আমরা ঘৃণামূলক অপরাধ মোকাবিলায় গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সাধুবাদ জানাই। 40 বছরের বেশি সময় ধরে, ADL সর্বাঙ্গীণ এবং অন্তর্ভুক্তিমূলক হেট ক্রাইম আইনের সমর্থন করছে এবং অন্যান্য নাগরিক অধিকার রক্ষাকারী সংস্থার সাথে একজোটে দেশ জুড়ে ডেটা সংগ্রহের চেষ্টা করে চলেছে। আমরা ঘৃণামূলক অপরাধের বিরুদ্ধে নিউ ইয়র্কের প্রতিক্রিয়া উন্নত করার কাজ চালিয়ে যেতে গভর্নর এবং আমাদের অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ।"

আলী ফরনে সেন্টার নির্বাহী পরিচালক আলেকজান্ডার রোক বলেন, "আমি কথাবার্তা বলার উদ্দেশ্যে কমিউনিটি লিডারদের একসাথে আনতে জায়গা তৈরি করার জন্য এবং ঘৃণার প্রত্যুত্তরে সহযোগিতা গড়ে তোলার জন্য গভর্নর ক্যাথি হোকল এবং LG অ্যান্টোনিও ডেলগাডোর প্রতি কৃতজ্ঞ। LGBTQ+ তরুণরা পরিচয়-ভিত্তিক ঘৃণা এবং হিংসার মাধ্যমে অসঙ্গতভাবে প্রভাবিত হচ্ছে। আজ বৈঠকে একটা স্থান পেয়ে আমাদের LGBTQ+ সম্প্রদায়ের প্রতি হোকলের অবিচলিত প্রতিশ্রুতির কথা মনে পড়ে যাচ্ছে। "

ইকুয়ালিটি NY পলিটিক্যাল ডিরেক্টর মেলিসা স্কলারজ বলেন, "আজ, গভর্নর হোকল যখন আইনের প্রস্তাব দেন তখন আমরা তাঁর পাশে গর্বের সাথে দাঁড়িয়েছি যে আইন ঘৃণামূলক আইনের পরিমাণ কমানোর জন্য সময় দিয়েছে। 5,000 জনের বেশি সদস্য এবং 100 জনের বেশি জোট অংশীদার সমন্বিত নেতৃস্থানীয় LGBTQ অ্যাডভোকেসি সংস্থা হিসাবে আমরা স্টেটজুড়ে এই প্রস্তাবের প্রভাব সম্পর্কে ওয়াকিবহাল।"

দ্য এশিয়ান আমেরিকান ফাউন্ডেশন NY-এর আঞ্চলিক ডিরেক্টর ইউগেনা ওহ বলেন, "দ্য এশিয়ান আমেরিকান ফাউন্ডেশন এখানে নিউ ইয়র্কে *সকল* নিউ ইয়র্কবাসীর জন্য একটি নিরাপদ ভবিষ্যত গড়ে তোলার জন্য গভর্নর হোকল, তাঁর টিম এবং আমাদের এশিয়ান আমেরিকান ও প্রশান্ত মহাসাগরীয় দ্বীপবাসীদের কমিউনিটি লিডারদের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছে। আমাদের কমিউনিটি আক্রমণের মুখে, আর 2020 সালের প্রথম থেকেই অপ্রত্যাশিত হারে সহিংসা এবং হয়রানির মুখোমুখি হয়ে আসছে। আমাদের কমিউিটির জন্য বর্ধিত নিরাপত্তার প্রয়োজন নিয়ে গভর্নরের স্বীকৃতিতে এবং আগামীর এই গুরুত্বপূর্ণ কাজে AAPI-এর কণ্ঠ অন্তর্ভুক্ত করার জন্য তাঁর প্রতিশ্রুতি বজায় রাখায় আমরা কৃতজ্ঞ।"

এশিয়ান আমেরিকান বার অ্যাসোসিয়েশন অফ NY, অ্যান্টি-এশিয়ান ভায়োলেন্স টাস্কফোর্সের সভাপতি ক্রিস কওয়াক বলেন, "গত চার বছর ধরে, নিজের অ্যান্টি-এশিয়ান ভায়োলেন্স টাস্ক ফোর্স (Anti-Asian Violence Task Force, AAVTF)-এর মাধ্যমে, AABANY নিউ ইয়র্কের AAPI কমিউনিটির বিরুদ্ধে ঘৃণা এবং সহিংসার তীব্র বৃদ্ধি লক্ষ্য করছে। আমরা বিশ্বাস করি অপরাধের সম্প্রসারিত তালিকা বিচার করার যোগ্যতা দেবে যেহেতু ঘৃণামূলক অপরাধ সঠিক দিকের প্রতি একটি পদক্ষেপের প্রতিনিধিত্ব করে, এবং কার্যকর ঘৃণামূলক অপরাধের বিচার এবং শাস্তি প্রয়োগ করার জন্য আমরা গভর্নরের কার্যালয়ের সাথে আমাদের সহযোগিতা চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছি "আমরা এই গুরুতর সমস্যা মোকাবিলায় গভর্নরের প্রচেষ্টার প্রশংসা করি, যা নিউ ইয়র্কের অনেক কমিউনিটির উপর প্রভাব ফেলছে।"

হিস্পানিক ফেডারেশন প্রেসিডেন্ট এবং CEO ফ্র্যাঙ্কি মিরান্ডা বলেন, "গভর্নর হোকল এমন একটি পদক্ষেপ নিচ্ছেন যা নিউ ইয়র্কের সমৃদ্ধশালী বৈচিত্র্যকে শক্তিশালী করবে এবং মারাত্মকভাবে ঘৃণামূলক অপরাধের সম্মুখীন হওয়া কমিউনিটিগুলোকে রক্ষা করবে। আমি গভর্নর হোকলকে আমাদের কমিউনিটিগুলোর নিরাপত্তাকে প্রাধান্য দেওয়ার জন্য ধন্যবাদ জানাই এবং আমি নিউ ইয়র্ক স্টেটে ঘৃণামূলক অপরাধের বিরুদ্ধে মোকাবিলা চালিয়ে যেতে এই আইন নিয়ে কাজ করার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

জিউইস কমিউনিটি রিলেশন কাউন্সিল অফ নিউ ইয়র্কের অন্তর্বর্তীকালীন CEO নোয়াম গিলবোর্ড বলেন, "JCRC-NY একটি ঘৃণামূলক অপরাধ হিসাবে প্রসিকিউশন জন্য যোগ্য অপরাধের তালিকা সম্প্রসারণের মাধ্যমে ঘৃণামূলক অপরাধের মোকাবিলায় গভর্নর হোকলের ক্রমাগত এবং জোরালো প্রচেষ্টাকে সাধুবাদ জানায়। আমাদের শহরে ইহুদী-বিরোধী কার্যকলাপ এবং অন্য ধরনের ঘৃণায় সাম্প্রতিক বৃদ্ধি যেমন বিস্ময়কর তেমনই ভীতিকর। নিউ ইয়র্ক সিটিতে, NYPD-এর 2023 সালের ডেটা অনুসারে, 2023-এর অক্টোবর থেকে ডিসেম্বরে, ইহুদীদের লক্ষ্য করে ঘৃণামূলক অপরাধের মোট পরিমাণ সারা বছরের বাকি সময়ের চেয়ে বেশি। গভর্নর হোকল সত্যিই আরও ইহুদী-বিরোধী লড়াইয়ের জন্য আইন চালু করতে তার প্রতিশ্রুতি রেখেছেন। এই প্রস্তাব একটি স্পষ্ট এবং সন্দেহাতীত বার্তা দেয় যে কোনও ধরনের ঘৃণাই নিউ ইয়র্কে সহ্য করা হবে না।"

কংগ্রেগেশন কেহিলাথ জেশুরুন সিনিয়র রাব্বি চাইম স্টেইনমেটজ বলেন, "পোস্টার ছিড়ে ফেলা, ঘৃণামূলক গ্রাফিতি এবং জানলা ভাঙার মতো কিছু গ্রাহ্য না করা ইহুদী-বিরোধী কার্যকলাপ দেখে ছোট এবং গুরুত্ব কম বলে মনে হয়। দুর্ভাগ্যবশত, কিছুই মাত্রায় ছোট নয় যখন তা বিশ্বের দীর্ঘতম ঘৃণার অংশ হয়। যখন সমাজ ইহুদী-বিরোধী কাজ সহ্য করে, তখন তা বাড়তে পারে এবং বৈষম্য, নিগ্রহ এবং সহিংসার দরজা খুলে দেয়। আর আমরা 7ই অক্টোবর থেকে ইহুদী-বিরোধী বিস্ফোরণ দেখেছি; আর আমাদের অবশ্যই সেটা চলতে দেওয়া উচিত নয়। এর মূল্য আমাদের কমিউনিটির কাছে এতোটাই যে গভর্নর ঘৃণামূলক অপরাধ নস্যাৎ করতে এবং প্রতিটি কমিউনিটিকে আরও নিরাপদ করতে দৃঢ় সংকল্প।"

সেবা সেন্টার ফর হিউম্যানিটির প্রেসিডেন্ট সাক্ষী মালিক বলেন, "আজ ঘৃণামূলক অপরাধের প্রসিকিউশনের জন্য যোগ্ট সম্প্রসারণের ঘোষণা এই প্রতিবন্ধক সময়ে নিউ ইয়র্ক স্টেটের নাগরিকদের জন্য অত্যন্ত প্রসংশাযোগ্য। উপরন্তু ঝুঁকিপূর্ণ ধর্মীয় কেন্দ্রগুলোর জন্য

বাড়তি নিরাপত্তা দিতে তহবিলের ব্যবস্থা অনেকটা রয়েছে। ঘৃণামূলক অপরাধ থামানোর ক্ষেত্রে আপনার নেতৃত্ব এবং আপনার বিশ্বাসের জন্য আপনাকে ধন্যবাদ।"

দ্য নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস হলো অপরাধের ন্যায়বিচারের ক্ষেত্রে সহায়তাকারী একটি মাল্টি-ফাংশন সংস্থা এবং এর বিভিন্ন ধরনের দায়িত্ব রয়েছে, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থাকে প্রশিক্ষণ প্রদান; স্টেটব্যাপী সংঘটিত অপরাধের ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধের ইতিহাসের তথ্য ও আঙ্গুলের ছাপের ফাইল সংরক্ষণ; নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে অংশীদার হয়ে, স্টেটের DNA ডেটাব্যাংকের প্রশাসনিক তদারকি; প্রোবেশন ও কমিউনিটি সংশোধন কর্মসূচিগুলোর অর্থায়ন ও তত্ত্বাবধান; ফেডারেল ও স্টেট পর্যায়ের ক্রিমিনাল জাস্টিস তহবিল বরাদ্দকরণ; স্টেটব্যাপী ফৌজদারি বিচার সংক্রান্ত সংস্থাগুলোকে সহায়তা প্রদান; এবং স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি নিয়ন্ত্রণ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। ফেসবুক ও টুইটারে. এজেন্সিকে অনুসরণ করুন।

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ মানবাধিকার আইন প্রয়োগের মাধ্যমে বৈষম্য নির্মূল, অন্যায়ের প্রতিকার, এবং সমান সুযোগ, উপলভ্যতা ও মর্যাদার প্রচার করার জন্য নিবেদিত। আমাদের স্বপ্ন হলো একটি বৈষম্যমুক্ত নিউ ইয়র্ক যেখানে সবাই তাদের সম্ভাবনা এবং স্টেটের জীবনে পূর্ণাঙ্গভাবে অংশগ্রহণ করতে পারবে।

এছাড়াও, নিউ ইয়র্ক স্টেট অফিস অব ভিকটিম সার্ভিসেস স্টেট জুড়ে 200টিরও বেশি প্রোগ্রামকে তহবিল দেয় যা ঘৃণামূলক অপরাধ ও অন্যান্য অপরাধের ভুক্তভোগীদের পরিষেবা, সমর্থন এবং সহায়তা প্রদান করে। সংস্থাটি ঘৃণা বা অন্যান্য অপরাধের শিকার হওয়ার ফলে সৃষ্ট ব্যয়ের জন্য যোগ্য ব্যক্তিদের আর্থিক সহায়তাও দিতে পারে। একটি প্রোগ্রাম চিহ্নিত করতে ovs.ny.gov/connect দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন